গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
নড়াইল

তারিখঃ ০৯/১১/২০২০খ্রি.

স্মারক নং ১৩.০৫.৬৫০০.০০৫.৪৯.০০১.১৯.১২৮

# "সংশোধিত দরপত্র বিজ্ঞপ্তি"

শ্রম ও হস্তার্পণ ঠিকাদার নিয়োগের লক্ষ্যে অত্র দপ্তরের ০১/১১/২০২০খ্রি. তারিখের ১৩.০৫.৬৫০০.০০১.৪৯.০০১.৯৩ নং স্মারক মূলে ০৫/১১/২০২০খ্রি. তারিখে প্রকাশিত দরপত্র বিজ্ঞপ্তির ক্রমিক নং ৮ এ উল্লেখিত দরপত্র তফশীল বিক্রয়ের শেষ তারিখ ২০/১১/২০২০খ্রি. তারিখের পরিবর্তে ২২/১১/২০২০খ্রি. তারিখ হবে এবং অন্যান্য বিষয়াবলী অপরিবর্তিত থাকবে।

(শেখ মনিরুল হাসান)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নড়াইল সদর
ও
আহরণ ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব প্রাপ্ত
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নড়াইল

(৩X২)

তারিখঃ ০৯/১১/২০২০খ্রি.

স্মারক নং ১৩.০৫.৬৫০০.০০৫.৪৯.০০১.১৯.১২৮

অনুলিপিঃ সদয় অবগতি /অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ-

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। জেলা প্রশাসক, নড়াইল।
৩। পরিচালক, প্রশাসন, খাদ্য অধিদপ্তর, খাদ্য ভবন, ঢাকা।
৪। পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, খাদ্য ভবন, ঢাকা।
৫। পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, খাদ্য ভবন, ঢাকা।
৬। পরিচালক, পরিদর্শন, উন্নয়ন ও কারিগরি সেবা, খাদ্য অধিদপ্তর, খাদ্য ভবন, ঢাকা।
৭। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৮। পুলিশ সুপার, নড়াইল।
৯। সিস্টেম এনালিস্ট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বিজ্ঞপ্তিটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
১০। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, নড়াইল।
১১। উপ পরিচালক, কৃষিসম্প্রসারণ অধিদপ্তর, নড়াইল।
১২। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল) ...................... বহুল প্রচারের জন্য।
১৩। ম্যানেজার, মহেশ্বপাশা/খুলনা/দিনাজপুর/মুলাডুলি/সান্তাহার সিএসডি।
১৪। জেলা তথ্য অফিসার, নড়াইল। বিজ্ঞপ্তিটি ব্যাপক ভাবে প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
১৫। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল) ........................ নড়াইল। -বহুল প্রচারের জন্য।
১৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল) ........................ নড়াইল জেলা -বহুল প্রচারের জন্য।
১৭। খাদ্য পরিদর্শক, (সকল), নড়াইল।
১৮। সভাপতি/সম্পাদক, চেম্বার্স অব কমার্স, নড়াইল।
১৯। সভাপতি/সম্পাদক, শিল্পবণিক সমিতি, নড়াইল।
২০। সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, নড়াইল।
২১। অফিস কপি, নড়াইল।

[illegible]
[illegible]
ও
আহরণ ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব প্রাপ্ত
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নড়াইল
ও
সভাপতি
জেলা দরপত্র মূল্যায়ন কমিটি (খাদ্য)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
নড়াইল

নম্বর ১৩.০৫.৬৫০০.০০১.৪৯.০০১.২০.৯৩

তারিখ: ১৬ কার্তিক ১৪২৭
০১ নভেম্বর ২০২০

বিজ্ঞপ্তি/নোটিশ

এতদ্বারা খাদ্য মন্ত্রণালয়ের আওতাধীন জেলা খাদ্য নিয়ন্ত্রক, নড়াইল জেলার অধীন ২০২০-২০২১ অর্থ বছরের অবশিষ্ট সময় ও ২০২১-২০২২ অর্থ বছরের জন্য নড়াইল জেলার ৫টি এলএসডিতে ০১(এক) জন করে শ্রম ও হস্তার্পণ (Labour & Handling) ঠিকাদার নিয়োগের নিমিত্ত আগ্রহী ঠিকাদার/প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্রে বর্ণিত শর্তস্বাপেক্ষে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| | | |
|---|---|---|
| ১। | মন্ত্রণালয়/ বিভাগঃ | খাদ্য মন্ত্রণালয় |
| ২। | এজেন্সীঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নড়াইল |
| ৩। | সংগ্রাহক সত্তার নামঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রক, নড়াইল |
| ৪। | যে কাজের জন্য দরপত্র আহবান করা হয়েছে তার নামঃ | নড়াইল জেলার ৫টি এলএসডি যথাক্রমে ১। নড়াইল সদর ২। লোহাগড়া ৩। নলদী ৪। কালিয়া ৫। বড়দিয়া এলএসডি'র জন্য শ্রম ও হসন্মার্পণ (Labour & Handling) ঠিকাদার নিয়োগ |
| ৫। | দরপত্রের বিজ্ঞপ্তি জারীর স্মারক নং ও তারিখঃ | ১৩.০৫.৬৫০০.০০১.৪৯.০০১.২০.৯৩ নং স্মারক, তারিখ ০১/১১/২০খ্রি. |
| ৬। | দরপত্র সংগ্রহ পদ্ধতিঃ | ২ খাম পদ্ধতিতে উন্মুক্ত দরপত্র |
| ৭। | কাজের সময়কালঃ | ২০২০-২০২১ অর্থ বছরের অবশিষ্ট সময় ও ২০২১-২০২২ অর্থ বছর |
| ৮। | দরপত্র তফশীল বিক্রয়ের শেষ তারিখঃ | ২০/১১/২০২০খ্রি. তারিখ (অফিস চলাকালীন সময়) |
| ৯। | দরপত্র সিডিউলের ক্রয়মূল্যঃ | ১০০০/-(এক হাজার)টাকা প্রতি এলএসডি'র জন্য |
| ১০। | টেন্ডার সিকিউরিটিঃ (ফেরত যোগ্য) | ১০,০০০/- (দশ হাজার) টাকা (প্রতি এলএসডি'র জন্য) |
| ১১। | পারফরমেন্স সিকিউরিটি (জামানত) (কৃতকার্য ঠিকাদারের ক্ষেত্রে): | সংশ্লিষ্ট এলএসডি'র বিগত ০২(দুই) বছরের শ্রম ও হস্তার্পণ ঠিকাদারের নির্ধারিত পারফরমেন্স সিকিউরিটির ২০% বৃদ্ধিতে<br>১। নড়াইল সদর এলএসডি ৪২,০০০/- ২। লোহাগড়া এলএসডি ৩৬,০০০/- ৩। নলদী এলএসডি ১৮,০০০/- ৪। কালিয়া এলএসডি ৪০,৮০০/- ৫। বড়দিয়া এলএসডি ২৪,০০০/- টাকা। |
| ১২। | বাজেট এবং আয়ের উৎসঃ | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের রাজস্ব বাজেট |
| ১৩ | দরপত্র বিক্রয়কারী দপ্তরের নামঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নড়াইল |
| ১৪ | দরপত্র দাতার অভিজ্ঞতাঃ | খাদ্যশস্য/খাদ্য সামগ্রীর শ্রম ও হস্তার্পণ কাজে ন্যূনতম ২(দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা। অভিজ্ঞতার সনদ সংশ্লিষ্ট ডিডিও কর্তৃক ইস্যুকৃত হতে হবে। |
| ১৫। | দরপত্র গ্রহণের তারিখ ও সময়ঃ | ২৩/১১/২০২০খ্রি. তারিখ সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত |
| ১৬। | দরপত্র গ্রহণকারী দপ্তরের নামঃ | ১। জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল।<br>২। জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নড়াইল। |
| ১৭। | দরপত্র উন্মুক্তকারী দপ্তরের নামঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নড়াইল। |
| ১৮। | দরপত্র খোলার তারিখ, সময় ও স্থানঃ | ২৩/১১/২০২০খ্রি. তারিখ বিকাল ৩.০০ ঘটিকার সময় যোগ্যতা বিষয়ক প্রস্তাব জেলা খাদ্য নিয়ন্ত্রক, নড়াইল এর অফিস কক্ষে দরপত্রদাতা/দরপত্রদাতা প্রতিষ্ঠানের প্রতিনিধির উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) যোগ্যতা বিষয়ক প্রস্তাব উন্মুকরণ কমিটি (TOC) কর্তৃক খোলা হবে এবং যে সকল দরপত্রদাতার যোগ্যতা বিষয়ক প্রস্তাব সন্তোষজনক (Responsive) বিবেচিত হবে কেবলমাত্র সেই সকল দরপত্র দাতার আর্থিক প্রস্তাব খোলা হবে। Responsive দরপত্র দাতাদের তালিকা, আর্থিক প্রস্তাব খোলা হবে এবং কমিটি কর্তৃক তুলনামূলক বিবরনীর মাধ্যমে যোগ্যদরদাতা নির্বাচন করা হবে। |
| ১৯। | দরপত্রের মেয়াদকালঃ | দরপত্র গ্রহনের তারিখ হতে ১২০(একশত বিশ) দিন |
| ২০। | দরপত্র গ্রহণকারী কর্মকর্তার নাম ও পদবীঃ | শেখ মনিরুল হাসান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নড়াইল সদর ও আহরণ ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব প্রাপ্ত জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নড়াইল |
| ২১। | দরপত্র সম্পর্কিত সকল তথ্য জানার জন্য (অফিস চলাকালীণ সময়ে): | অত্র দপ্তরের টেন্ডার/হিসাব শাখা<br>টেলিফোন নং- ০৪৮১-৬২৩১৬ |
| ২২ | অত্র দরপত্র পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুযায়ী পরিচালিত হবে। কোন কারণদর্শানো ব্যতিরেকে সংগ্রহকস্বত্তা এ নোটিশ বাতিল বা পরিবর্তন বা সকল দরপত্র গ্রহণ/প্রত্যাখান/স্থগিত/বাতিল/পুনঃ দরপত্র আহবান করার পূর্ণক্ষমতা সংরক্ষণ করেন। উল্লেখ্য, দরদাতাকে দরপত্র দলিলের (দরপত্র সিডিউল) সকল শর্ত পাঠ করে প্রতিটি পাতায় স্বাক্ষর করতে হবে। | |

## ঠিকাদারের যোগ্যতা বিষয়ক নিয়মাবলী ও শর্তাবলী (General Conditions of Contract)

আবেদনকারীকে প্রতিষ্ঠানের নিজ প্যাডে আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জাতীয়তা, প্রতিষ্ঠানের নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, প্রতিষ্ঠানের মালিকানার বিবরণ, প্রতিষ্ঠানের সহিত আবেদনকারীর সম্পর্ক ইত্যাদি বর্ণনা পূর্বক জেলা খাদ্য নিয়ন্ত্রক, নড়াইল বরাবর নিম্নেবর্ণিত দলিলাদি সংযুক্ত পূর্বক আবেদন করতে হবে।

১। সদ্যতোলা পাসপোর্ট সাইজের ২(দুই) কপি রঙ্গিন ছবি, নিজ নামের / প্রতিষ্ঠানের হাল সনের ট্রেড লাইসেন্স এবং নাগরিকত্ব/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

২। সংশ্লিষ্ট আয়কর বিভাগ হতে ইস্যুকৃত টিআইএন (TIN) নম্বরসহ হালসন পর্যন্ত আয়কর পরিশোধের প্রত্যয়নপত্রের ১(এক)খানা সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। কোন ঠিকাদার উৎসে কর কর্তন হতে অব্যহতি পেলে জাতীয় রাজস্ব বোর্ড অফিস হতে প্রাপ্ত অব্যহতির সনদ দাখিল করতে হবে।

৩। একক মালিকানার বেলায় কোন প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট / নোটারী পাবলিক এর নিকট হতে ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে হলফনামা (এফিডেভিট) এর মূল কপি/সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৪। অংশীদারী মালিকানার ক্ষেত্রে অংশীদারীত্বের স্বপক্ষে রেজিষ্ট্রিকৃত দলিলের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৫। লিমিটেড কোম্পানীর বেলায় মেমোরেন্ডাম অব আর্টিকেলস এবং জয়েন্ট স্টক কোম্পানী সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৬। ঠিকাদারদের গ্রুপ, যৌথ উদ্যোগ বা সমবায়ের ক্ষেত্রে যথাযথ দলিল বা দাখিলা এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৭। চাহিত সকল সনদ পত্র ১ম শ্রেণীর সরকারি কর্মকর্তা দ্বারা (নামযুক্ত সীলসহ) সত্যায়িত থাকতে হবে এবং চুক্তি সম্পাদনকালে ফটোকপি সমূহের মূল কপি প্রদর্শন করতে হবে।

৮। খাদ্য বিভাগীয় অতীত দায় দেনার (যদি থাকে) হলফনামার মূল কপি দাখিল করতে হবে।

৯। দরপত্রদাতা কোন দূর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডে সম্পৃক্ত হইবে না মর্মে দরপত্র দলিলে নির্দেশিত ফরমে ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অংগীকারনামা প্রদান করতে হবে।

১০। যে দরে চুক্তিপত্র সম্পাদিত হবে চুক্তিপত্র সম্পাদনের পর উক্ত দর বৃদ্ধির বা পরিবর্তন করার বিষয়ে কোন মামলা মোকদ্দমা দায়ের করবে না মর্মে দরপত্রে সাথে সংশ্লিষ্ট ঠিকাদারের নিজস্ব/প্রতিষ্ঠানের লেটার প্যাডে অংগীকার নামা প্রদান করতে হবে।

১১। অতীতে খাদ্য বিভাগীয় ঠিকাদারী কাজে আত্মসাত ঘটনার সাথে জড়িত দেওয়ানী/ফৌজদারী/সালিশী/মামলায় চূড়ান্তভাবে দোষী সাব্যস্ত হয়ে থাকলে এমন ঠিকাদার/প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহন করতে পারবে না।

১২। সালিশি মামলা নিস্পত্তির অপেক্ষায়/আদালতের মামলা নিস্পত্তির অপেক্ষায় আছে এমন ঠিকাদার দরপত্রের অংশ গ্রহণ করতে পারবে, তবে সালিশি/মামলায় দোষী সাব্যস্ত হলে চুক্তি সম্পাদন করা হবে না/ সম্পাদিত চুক্তি বাতিল করা হবে।

১৩। প্রতি সেট দরপত্র সিডিউলের মূল্য ১,০০০/- (এক হাজার) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে সোনালী ব্যাংক লিঃ, নড়াইল শাখায় ১/৪৮৩১/০০০১/২৩৬৬ নম্বর কোডে জমা দিতে হবে। টাকা জমা দেয়ার পূর্বে ট্রেজারী চালান অত্র দপ্তরের হিসাব শাখা হতে অবশ্যই পাশ করে নিতে হবে এবং উক্ত জমার স্বপক্ষে ট্রেজারী চালানের মূল কপি অত্র দপ্তরে জমা দিয়ে দরপত্র সিডিউল গ্রহণ করতে হবে। জমাকৃত চালানের ফটোকপি/অতিরিক্ত কপি ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাবের সাথে অবশ্যই দাখিল করতে হবে। নির্দিষ্ট তারিখ ও সময়ের মধ্যে দরপত্র সিডিউল ক্রয় করতে হবে।

১৪। বর্ণিত বিষয়ে কেউ ভুল তথ্য প্রদান করলে দরপত্র বাতিল বলে গণ্য হবে। চাহিত তথ্য সঠিক না হলে এবং নিয়োগ পাবার পরও ভুল তথ্য প্রদান সংক্রান্ত বিষয়টি কর্তৃপক্ষের গোচরীভূত হলে নিয়োগ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া খাদ্য বিভাগের সাথে চুক্তি সম্পাদনের পর খাদ্য বিভাগীয় ও পুলিশ বিভাগীয় তদন্তে তার বিরুদ্ধে ফৌজদারী কিংবা এতদ্বসংশ্লিষ্ট অন্যকোন অপরাধ যার তথ্য গোপন করা হয়েছে কিংবা অনুরূপ কোন অপরাধের শাস্তিপ্রাপ্ত হলে তার নিয়োগ আদেশ ও চুক্তিপত্র বাতিল করতে পারবেন।

১৫। দরপত্র দাতা দরপত্র তফসীলে বর্ণিত সকল তথ্যাবলী সুন্দরভাবে কালো কালিতে লিখে বা টাইপ করে পুরণ পূর্বক নির্দিষ্ট স্থানে সীলমোহরসহ দরখাস্ত করবেন। দরপত্র তফসীল, চুক্তিপত্র ও দরপত্র বিজ্ঞপ্তির (ঠিকাদারের যোগ্যতা বিষয়ক নিয়মাবলী ও শর্তাবলী, দরপত্র দাখিলের নিয়মাবলী ও শর্তাবলী একত্রি) প্রতি পাতায় দরপত্রদাতার স্বাক্ষর সহ নামের সীল প্রদান করতে হবে।

১৬। ডাকযোগে প্রেরিত দরপত্র নির্ধারিত তারিখ ও সময়ের পরে পাওয়া গেলে উক্ত দরপত্র বিবেচিত হবে না। অর্থাৎ নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত দরপত্র বাতিল বলে গণ্য হবে/ফেরত প্রদান করা হবে। নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে দরপত্র গ্রহণের বাক্সে দরপত্র ফেলতে হবে।

প্রাইজ সিডিউল/ দর তফসিল (আর্থিক প্রস্তাব) যথাযথভাবে [illegible] কাটাকাটি/ঘষামাজা, ফ্লুইডযুক্ত বা অসম্পূর্ণ দরপত্র গৃহীত হবে না এবং

সকল ডকুমেন্ট/কাগজপত্রে আবেদনকারীর স্বাক্ষর ও সীল থাকতে হবে।

**দরপত্র (Tender) দাখিলের নিয়মাবলী ও শর্তাবলী (Particular Conditions of Contract)**

১৮। ঠিকাদারের যোগ্যতাঃ

(ক) খাদ্য শস্য / খাদ্য সামগ্রী এবং অনুরূপ প্রকৃতির শ্রম ও হস্তার্পণ (Labour & Handling) কাজে নুন্যতম ২(দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। খাদ্য বিভাগের ক্ষেত্রে পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা/ আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক/ সাইলো সুপার/ জেলা খাদ্য নিয়ন্ত্রক/ চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক কর্তৃক প্রদত্ত অভিজ্ঞতা সনদ এবং অন্যান্য সরকারী আধা সরকারী, স্বায়ত্তশাসিত সংস্থার ক্ষেত্রে সংশ্লিষ্ট আয়ন ও ব্যয়ন কর্মকর্তা কর্তৃক ইস্যুকৃত হতে হবে। উক্ত অভিজ্ঞতার সনদে ঠিকাদারির ধরন ও কার্যকাল (কোন সাল হতে কোন পর্যন্ত উক্ত ঠিকাদারী কাজ সম্পন্ন করেছেন বা করছেন) অবশ্যই উল্লেখ করতে হবে। নিম্ন দরদাতার সংখ্যা একাধিক হলে পিপিআর অনুযায়ী উক্ত অভিজ্ঞতা সনদ বিবেচনায় আনা হবে।

(খ) যেকোন সিডিউল ব্যাংক হতে এক আর্থিক বছরের লেনদেনের স্বপক্ষে কমপক্ষে ২(দুই) লক্ষ টাকার ব্যাংক হিসাব বিবরনী (Bank Statement) সহ তিনি আর্থিকভাবে স্বচ্ছল মর্মে আর্থিক স্বচ্ছলতার সনদপত্র দাখিল করতে হবে। এ ক্ষেত্রে সনদ প্রদানকারী কর্মকর্তা সিনিয়র প্রিন্সিপাল অফিসার/সমমান পদমর্যাদার নিম্নে নহেন।

(গ) দরপত্র দাতার নগদ সম্পদঃ ঠিকাদারের নিজস্ব/প্রতিষ্ঠানের লেটার প্যাডে নুন্যতম ২(দুই) লক্ষ টাকার নগদ সম্পদ আছে মর্মে ঘোষণাপত্র দাখিল করতে হবে।

১৯। **দরপত্র দাখিলের নিয়মাবলীঃ**

(ক) দুই খাম পদ্ধতিতে দর দাখিল করতে হবে। ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাব এবং আর্থিক প্রস্তাব ২(দুই)টি ভিন্ন খামে দাখিল করতে হবে। যোগ্যতা বিষয়ক প্রস্তাবের খামের উপরিভাগের মাঝখানে ''শ্রম ও হস্তার্পণ ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাব'' ও আর্থিক প্রস্তাবের খামে ''শ্রম ও হস্তার্পণ ঠিকাদারের আর্থিক প্রস্তাব'' লিখে দাখিল করতে হবে। উভয় খামের ডান দিকে জেলা খাদ্য নিয়ন্ত্রক, নড়াইল এবং বাম দিকে প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা লিখতে হবে। ২(দুই)টি খাম একত্র করে বড় একটি খামে দাখিল করতে হবে এবং অনুরূপ ভাবে বড়খামের ডান দিকে জেলা খাদ্য নিয়ন্ত্রক, নড়াইল এবং বাম দিকে প্রতিষ্ঠানের নাম ঠিকানা লিখতে হবে। বড়খামের উপরের দিকে ''যে এলএসডি'র কাজের জন্য দরপত্র দাখিল করবেন সেই এলএসডি'র নাম'' লিখে দাখিল করতে হবে।

(খ) যোগ্যতা প্রস্তাব বিষয়ক খামে (''ক'' ফরম) পূরণ এবং স্বাক্ষর পূর্বক সংশ্লিষ্ট দলিলাদি সংযুক্ত করতে হবে। যোগ্যতা বিষয়ক প্রস্তাব খামে টেন্ডার সিকিউরিটি/বায়নার টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট না পাওয়া গেলে দরদাতার আর্থিক প্রস্তাব খোলা হবে না। আর্থিক বিষয়ক খামে প্রাইজ সিডিউলে (''খ'' ফরম) শুধুমাত্র উদ্বৃত্ত দর অংকে ও কথায় লিখে নির্ধারিত স্থানে সীলসহ স্বাক্ষর করতঃ দাখিল করতে হবে।

(গ) সীলগালা ছাড়া কোন যোগ্যতা ও আর্থিক প্রস্তাব ফরম দাখিল করা হলে তা বিবেচনা করা হবে না।

২০। **টেন্ডার সিকিউরিটিঃ**

ক) দরপত্রের সাথে বাংলাদেশের যে কোন তফসীলভূক্ত (সিডিউল) ব্যাংক হতে প্রতি এলএসডি'র জন্য আলাদাভাবে টেন্ডার সিকিউরটি (বায়নার টাকা) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ফেরতযোগ্য) জেলা খাদ্য নিয়ন্ত্রক, নড়াইল এর অনুকূলে ক্রয় করে ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাবের সাথে দাখিল করতে হবে। কোন এসডিআর/সিডিআর গ্রহণযোগ্য হবে না। নড়াইল জেলার প্রতিটি এলএসডি'র জন্য জমাযোগ্য টেন্ডার সিকিউরিটির টাকার পরিমান ১০,০০০/- (দশ হাজার) টাকা।

(খ) দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক নির্বাচিত দরদাতা ব্যতিরেকে অন্যান্য অকৃতকার্য দরপত্রদাতার টেন্ডার সিকিউরিটি (বায়নার টাকা) দরপত্রের সিদ্ধান্ত গ্রহণ শেষে ফেরত দেয়া হবে। কৃতকার্য দরদাতার বায়নার টাকা চুক্তি সম্পাদনের পর ফেরত দেয়া হবে। যথা সময়ে চুক্তি সম্পাদন করে কার্যভার গ্রহণ না করলে টেন্ডার সিকিউরিটির টাকা সরকারি খাতে বাজেয়াপ্ত করা হবে। টেন্ডার সিকিউরিটির টাকা ছাড়া কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না।

২১। **আর্থিক প্রস্তাব বিষয়ক ''খ'' ফরম পূরণের নিয়মঃ**

ক) আর্থিক প্রস্তাব বলতে শুধুমাত্র প্রাইজ সিডিউল ''খ'' ফরম বুঝাবে।

খ) আর্থিক প্রস্তাবের সাথে টেন্ডার সিকিউরিটির, ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/অন্যকোন ডকুমেন্ট জমা দেয়া যাবে না।

গ) আর্থিক প্রস্তাব বিষয়ক ফরম ''খ'' এর ১ হতে ৯ নং আইটেম পর্যন্ত প্রাইজ সিডিউলের আইটেম ভিত্তিক দর দাখিল করতে হবে।

ঘ) আর্থিক প্রস্তাব বিষয়ক খাম ''খ'' ফরমে শুধুমাত্র দরদাতার উদ্ধৃত দর উল্লেখ করতে হবে। দরদাতাকে প্রতি আইটেমের একক দর অংকে ও কথায় এবং সর্বমোট মূল্য (প্রতি আইটেমের মোট মূল্যের যোগফল) শুধুমাত্র সিডিউলের নির্ধারিত কলাম/স্থানে স্পষ্টভাবে লিখে দরপত্র দাখিল করতে হবে। দশমিকের দুই অংকের বেশী ব্যবহার করা যাবে না।

ঙ) ডিও ডেলিভারী এবং অন্য যে সকল আইটেমে সরকারি কাজ সংঘটিত হয় না (সরকারি বিল পরিশোধ করা হয় না) সেসকল আইটেম ব্যতিত অন্যসকল আইটেমের (সরকারি বিল পরিশোধ করা হয়) উর্দ্ধৃত দর বিবেচনা করে গত ৩(তিন) বছরের বাৎসরিক গড় কাজের সাথে যাচাই পূর্বক সর্বনিম্ন মোট দর নির্ধারন করা হবে। আইটেম ভিত্তিক একক দর ও মোট দরের মধ্যে গড় মিল পরিলক্ষিত হলে একক দর গৃহীত হবে এবং সে অনুযায়ী মোট দর সংশোধিত হবে।

২২। অত্র দরপত্র বিজ্ঞপ্তির কোন শর্ত/যোগ্যতা বিষয়ক প্রস্তাব (''ক'' ফরম) আর্থিক প্রস্তাব (''খ'' ফরম) ইত্যাদি বিষয়ে সহায়ক তথ্য বা স্পষ্টিকরনের প্রয়োজন হলে দরপত্র দাতাগণ ২০/১১/২০২০খ্রি. তারিখ পর্যন্ত (অফিস চলাকালিন সময়ে) জেলা খাদ্য নিয়ন্ত্রক, নড়াইলের টেলিফোন নং-০৪৮১-৬২৩১৬ এবং অত্র দপ্তরের হিসাব ও টেন্ডার শাখায় যোগাযোগ করতে পারবেন।

২৩। **ঠিকাদার নির্বাচন পদ্ধতিঃ**

(ক) ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাব অর্থাৎ ''ক'' ফরম সঠিক পাওয়া গেলে তার আর্থিক প্রস্তাব ''খ'' ফরম খোলা হবে এবং দাখিলকৃত দরদাতার সর্বনিম্ন দর মূল্যায়ন কমিটির (TEC)কর্তৃক সুপারিশ ও Head of the Procuring Entity (Hope) কর্তৃক অনুমোদনদানের পর চূড়ান্ত বলে গণ্য হবে। সর্বনিম্ন দরদাতার সংখ্যা একাধিক হলে পাবলিক প্রকিউরমেন্ট (২য় সংশোধন) আইন, ২০০৯ অনুযায়ী দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক লটারীর মাধ্যমে প্রতি এলএসডি'র জন্য ১(এক) জন করে ঠিকাদার নিয়োগের জন্য সুপারিশ করা হবে।

(খ) প্রতি এলএসডি'র জন্য সর্বনিম্ন দরে একজন করে ঠিকাদার নির্বাচন করার পর কোন নির্বাচিত দরদাতা চুক্তি সম্পাদন না করলে কিংবা দরপত্রে কোন ভুল তথ্য প্রদান করেছেন এরূপ তথ্য উদঘাটিত হলে পিপিআর ২০০৮ মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৪। **পারফরমেন্স সিকিউরিটিঃ**

(ক) কৃতকার্য/নির্বাচিত দরদাতাকে সংশ্লিষ্ট এলএসডি'র অনুকুলে (দরপত্র বিজ্ঞপ্তির ১১ নং ক্রমিক মোতাবেক) ব্যাংক ড্রাফট পে-অর্ডারের মাধ্যমে পারফরমেন্স সিকিউরিটি (কার্যসম্পাদন জামানত) বাবদ জমা দিয়ে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

২৫। **চুক্তি সম্পাদনঃ**

(ক) সর্বনিম্ন দরদাতাকে তার দেয় এলএসডি'র জন্য শ্রম ও হস্তার্পণ ঠিকাদার হিসাবে নির্বাচিত করা হবে।

(খ) দরপত্রে প্রাপ্ত সর্বনিম্ন দরদাতার দর বৈধ বিবেচিত হলে ও যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক (Hope) অনুমোদিত হলে Letter of Indent প্রদান করা হবে এবং Letter of Indent প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে লিখিত সম্মতি প্রদান পূর্বক ২৮ দিনের মধ্যে চুক্তি সম্পাদন করতে হবে।

২৬। **চুক্তি সংশোধনঃ**

(ক) সরকার কর্তৃক সময়ে সময়ে খাদ্য দ্রব্য অথবা যে কোন পণ্য শ্রম ও হস্তার্পণ সংক্রান্ত বা এতদসঙ্গে যে কোন বিষয়ে জারীকৃত বিজ্ঞপ্তি/ স্মারক/ আদেশ/ পরিপত্রসহ দরপত্র তফশীল, শর্তাবলী ও নিয়মাবলী চুক্তিপত্রের অংশ হিসাবে পরিগণিত হবে।

২৭। **গোপণীয় প্রতিবেদনঃ** নির্বাচিত ঠিকাদারের ক্ষেত্রে পুলিশি ও খাদ্য বিভাগীয় হালনাগাদ সন্তোষজনক গোপণীয় প্রতিবেদন প্রাপ্তির পর চুক্তি সম্পাদন করা হবে। তবে জরুরী প্রয়োজনে পুলিশি ও খাদ্য বিভাগীয় হালনাগাদ সন্তোষজনক প্রতিবেদন প্রাপ্তি ব্যতীত চুক্তি সম্পাদন করা যেতে পারে। পরবর্তীতে গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক পাওয়া না গেলে সম্পাদিত চুক্তিপত্র বাতিল বলে গণ্য হবে।

২৮। **ক্ষমতা সংরক্ষণঃ**

কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল অথবা সমুদয় দরপত্র বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। অবাস্তব সর্বনিম্ন দর গ্রহণে কর্তৃপক্ষ বাধ্য নহে। কোন দরপত্র দাতা যদি বর্তমান বাজার দর/দাপ্তরিক প্রাক্কলিত মূল্য হতে উল্লেখযোগ্যভাবে কম মূল্য উর্দ্ধৃত করে দরপত্র দাখিল করেন তাহলে পিপিআর ২০০৮ এর অনুচ্ছেদ ৯৮(২৩) মোতাবেক উক্ত দরপত্র বাতিল/তদানুযায়ী প্রযোজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৯। **অভিযোগ ও আপিলঃ**

দরপত্র সম্পর্কিত অভিযোগ ও আপিল নিস্পত্তির ক্ষেত্রে পিপিআর ২০০৮ মোতাবেক যথাযথ কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।

১-১১-২০২০

শেখ মনিরুল হাসান

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নড়াইল সদর ও আহরণ ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব প্রাপ্ত জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নড়াইল ও সভাপতি জেলা দরপত্র মূল্যায়ন কমিটি(খাদ্য) নড়াইল

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর

২) জেলা প্রশাসক, নড়াইল

৩) পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর

৪) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর

৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর

৬) পরিচালক, পরিদর্শন, উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগ, খাদ্য অধিদপ্তর

৭) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল বিভাগ), (সকল বিভাগ)

৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল জেলা), (সকল জেলা)

৯) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর

১০) পুলিশ সুপার, নড়াইল।

১১) নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপদ বিভাগ, নড়াইল।

১২) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নড়াইল।

১৩) তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, নড়াইল

১৪) ম্যানেজার, মহেশ্বরপাশা/খুলনা সিএসডি, খুলনা।, খুলনা।

১৫) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল), নড়াইল।

১৬) ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল), নড়াইল।

১৭) খাদ্য পরিদর্শক (সকল), নড়াইল।

১৮) অফিস কপি, নড়াইল।